171

দৈনিক জনকণ্ঠ

তারিখ ... 23 APR 1998 ...
পৃষ্ঠা ৭ কলাম ৮

# অঙ্ক পরীক্ষার তারিখ ভুলের জন্য দুঃখ প্রকাশ

গতকাল বুধবার ২২ এপ্রিল ১৯৯৮ তারিখে দৈনিক জনকণ্ঠে এসএসসি'র গণিত পরীক্ষা বৃহস্পতিবার অনুষ্ঠিত হবে বলে যে খবর ছাপা হয়েছে তা সঠিক নয়। গণিত পরীক্ষা পূর্বনির্ধারিত তারিখেই অনুষ্ঠিত হবে।

দৈনিক জনকণ্ঠ কর্তৃপক্ষ এ অনিচ্ছাকৃত ভুলের জন্য সম্মানিত পাঠক-পাঠিকা, ছাত্রছাত্রী ও তাদের অভিভাবকদের কাছে আন্তরিকভাবে দুঃখ প্রকাশ করেছেন।

উল্লেখ্য, বিজ্ঞপ্তি বেলা ৩টা থেকে রাত ১১টা পর্যন্ত বাংলাদেশ টেলিভিশনের মাধ্যমে ৫ বার ও বাংলাদেশ বেতারের মাধ্যমে প্রতি ঘণ্টায় ১ বার করে মোট ৮ বার প্রচার করা হয়েছে, যাতে ছাত্রছাত্রীরা এ ভুলের জন্য বিভ্রান্ত না হয়।